

টাইটেল স্পন্সর ডিকলেয়ারেশন অনুষ্ঠান
বঙ্গবন্ধু বাংলাদেশ বনাম অস্ট্রেলিয়া আন্তর্জাতিক টি২০ সিরিজ-২০২১
প্রেজেন্টেড বাই - আলেশা কার্ড, পাওয়ার্ড বাই - ওয়ালটন

একদিকে করোনা মহামারী, অন্যদিকে সেই করোনা থেকে মুক্তি পাওয়ার নিরন্তর প্রচেষ্টা আমাদের। সে প্রচেষ্টার একটা অধ্যায় নিজের শরীর ও মনকে ঠিক রাখা। আর শরীর-মন ঠিক রাখে খেলাধুলা, সেটা খেলোয়ারই হোক বা দর্শক সবার। তাই করোনা মহামারীর মাঝেও আমরা দেখলাম ইউরো, কোপা আমেরিকা ফুটবল টুর্নামেন্টের উন্মাদনা, বিভিন্ন ক্রিকেট দলের বিভিন্ন সিরিজতো চলছেই, কিছুদিন আগে শুরু হয়েছে 'বিশ্বের সর্ববৃহৎ ক্রীড়া আসর টোকিও অলিম্পিক ২০২১'।

বাংলাদেশ ক্রিকেট দলও এই করোনাকালে পিছিয়ে নেই। সদ্য সমাপ্ত জিম্বাবুয়ে সিরিজ যেমন খেলোয়ারদের চাপা করেছে, সমর্থকদেরও। সেই ধারাবাহিকতায় শুরু হচ্ছে বাংলাদেশ ক্রিকেট দলের আরেকটি হোম সিরিজ, এবার এসেছে অস্ট্রেলিয়া। হবে আন্তর্জাতিক টি২০ সিরিজ। এই অস্ট্রেলিয়া সিরিজটি ক্রিকেট দল বা সমর্থক নয় বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)'র জন্যও গুরুত্বপূর্ণ। করোনাকালে বাংলাদেশ বনাম শ্রীলঙ্কা সিরিজটির সফল আয়োজনের পর এটি দ্বিতীয় সিরিজ, আর যেহেতু দলটির নাম অস্ট্রেলিয়া তাই সবঠিক রাখার চ্যালেঞ্জ আরো বেশি। সে চ্যালেঞ্জ মোকাবেলায় বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি) পাশে পেয়েছে বেশকিছু সহযোগিতার হাত। তার মধ্যে একটি প্রতিষ্ঠান হলো টাইটেল ও গ্রাউন্ড ব্র্যান্ডিং রাইটস্ হোল্ডার ইমপ্রেস-মাত্রা কনসোর্টিয়াম। ২০২৩ পর্যন্ত ইমপ্রেস-মাত্রা কনসোর্টিয়াম বিসিবিকে খুঁজে এনে দিয়েছে সকল হোম সিরিজের টাইটেল ও গ্রাউন্ড ব্র্যান্ডিং-এর পৃষ্ঠপোষক টাইটেল স্পন্সর আলেশা হোল্ডিংস্ লিমিটেড ও সহযোগী স্পন্সর ওয়ালটন। দেশের স্বনামধন্য ব্যবসা প্রতিষ্ঠান আলেশা হোল্ডিংস্ লিমিটেড গত বাংলাদেশ বনাম শ্রীলঙ্কা হোম সিরিজে তাদের অঙ্গপ্রতিষ্ঠান আলেশা মার্চের মাধ্যমে সিরিজে সহযোগিতার হাত বাড়িয়ে দিয়েছিল। এবার প্রধান পৃষ্ঠপোষক হিসেবে থাকছে তাদের আরেকটি অঙ্গপ্রতিষ্ঠান আলেশা কার্ড।

আগস্ট শোকের মাস। এই শোকের মাস ও জন্মশতবর্ষ উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে সম্মান জানিয়ে এবারের বাংলাদেশ বনাম অস্ট্রেলিয়া আন্তর্জাতিক টি২০ সিরিজের নামকরণ করা হয়েছে 'বঙ্গবন্ধু বাংলাদেশ বনাম অস্ট্রেলিয়া আন্তর্জাতিক টি২০ সিরিজ-২০২১-প্রেজেন্টেড বাই আলেশা কার্ড, পাওয়ার্ড বাই- ওয়ালটন'। আলেশা হোল্ডিংস্ লিমিটেড-এর অঙ্গপ্রতিষ্ঠান আলেশা কার্ড হলো একটি প্রিভিলেজ কার্ড। 'প্রিভিলেজ রিডিফাইন্ড' প্লোগান নিয়ে আলেশা কার্ড কেনাকাটা, হেলথ সার্ভিস, হোটেল, রেস্টুরেন্ট এবং রিসোর্ট সার্ভিস সহ দৈনন্দিন বিভিন্ন প্রয়োজনে মূল্যের উপর বিশেষ ছাড় প্রদানের মাধ্যমে কার্ড হোল্ডারদের জীবনটাকে আরও সহজতর করে তুলবে। এছাড়াও আলেশা কার্ডের অন্যতম বিশেষ সুবিধা হলো কার্ডটি মুক্তিযোদ্ধা ও বীরস্রাণাদের জন্য সম্পূর্ণ ফ্রি এবং সিনিয়ার সিটিজেন অর্থাৎ ৬৫'র বেশি বয়সী বাংলাদেশী নাগরিকদের জন্য এই কার্ডের মূল্যে থাকবে ৫০% ডিসকাউন্ট সুবিধা। পাশাপাশি এই সিরিজে সহযোগিতায় থাকছে দেশের স্বনামধন্য শিল্পপ্রতিষ্ঠান ওয়ালটন, মেড ইন বাংলাদেশ প্লোগানে যারা আজ দেশে-বিদেশে সর্বত্র পরিচিত।

এবারের সিরিজে থাকবে পাঁচটি আন্তর্জাতিক টি-২০ ম্যাচ। ৩, ৪, ৬, ৭, ৯ আগস্ট অনুষ্ঠিত দিবা-রাত্রীর এই খেলাগুলো আয়োজন করা হবে রাজধানী ঢাকার শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে। খেলাগুলো সরাসরি সম্প্রচার করবে যথাক্রমে বাংলাদেশ টেলিভিশন, টি-স্পোর্টস ও গাজী টিভি। করোনার দুঃসময় বলে সিরিজটি আয়োজিত হচ্ছে বায়োসিকিউরিটি প্রোটোকলের মাধ্যমে। ফলে খেলোয়ার ও খেলা সংশ্লিষ্ট কর্মীরা থাকবে করোনা থেকে নিরাপদ।

গতকাল ১ আগস্ট ২০২১ দুপুর ১২টায় অনলাইনে আয়োজন করা হয় টাইটেল স্পন্সর ডিকলেয়ারেশন অনুষ্ঠান। অনুষ্ঠানে পুরো বিষয়টি সবার সামনে তুলে ধরেন বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)-এর ডিরেক্টর ও মিডিয়া কমিটির চেয়ারম্যান জনাব মোহাম্মদ জালাল ইউনুস, সিরিজের টাইটেল স্পন্সর আলেশা কার্ড-এর পক্ষ থেকে জনাব মোঃ মঞ্জুর আলম সিকদার, চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর, আলেশা হোল্ডিংস্ লিমিটেড; সিরিজের পাওয়ার্ড বাই ওয়ালটন এর পক্ষ থেকে জনাব রবিউল ইসলাম মিলটন, সিনিয়র ডেপুটি অপারেটিভ ডিরেক্টর, মার্কেটিং এন্ড কমিউনিকেশন, ওয়ালটন গ্রুপ; সিরিজের টাইটেল ও গ্রাউন্ড ব্র্যান্ডিং রাইটস্ হোল্ডার ইমপ্রেস-মাত্রা কনসোর্টিয়াম-এর পক্ষ থেকে জনাব সানাউল আরেফিন।

অনুষ্ঠানে দুই পৃষ্ঠপোষক সংস্থার পক্ষ থেকে বলা হয় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবর্ষ 'মুজিববর্ষে' বঙ্গবন্ধুকে সম্মান জানিয়ে আয়োজিত এই সিরিজে এবং করোনার দুঃসময়ে বাংলাদেশ ক্রিকেট বোর্ডের পাশে থাকতে পেরে তারা গর্বিত। এই সিরিজ ছাড়াও ভবিষ্যতে আয়োজিত বাংলাদেশ ক্রিকেট দলের অন্যান্য সিরিজেও তারা পাশে থাকার আশাবাদ ব্যক্ত করেন। এছাড়াও করোনার এই দুঃসময়ে স্বাস্থ্যবিধি মেনে বাংলাদেশ ক্রিকেট বোর্ড ইতোমধ্যে বাংলাদেশ বনাম শ্রীলঙ্কার একটি সফল সিরিজ আয়োজনের বিষয়টি তুলে ধরে বর্তমান সিরিজের সফল আয়োজন নিয়েও আশাবাদ ব্যক্ত করেন। সিরিজের টাইটেল ও গ্রাউন্ড ব্র্যান্ডিং রাইটস্ হোল্ডার ইমপ্রেস-মাত্রা কনসোর্টিয়াম-এর পক্ষ থেকে জনাব সানাউল আরেফিন বাংলাদেশ ক্রিকেট বোর্ড ও পৃষ্ঠপোষক সংস্থাকে ধন্যবাদজ্ঞাপন করে দেশের ক্রিকেট উন্নয়নে তাদের ধারাবাহিক অবস্থানের বিষয়টি তুলে ধরেন।